বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর
রহমান চেম্বার (১০ম তলা)
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

Office of the Director
Directorate of Staff Development.
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka -1000.
Phone: 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.৩০.১১.০০৪.২০১৯-৩০১

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৫ বঃ
০৬-০৩-২০১৯ খ্রীঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতভূক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	ক্যাটাগরী/পদের নাম এবং বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদ (টি)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)
১।	ডাটা এন্ট্রি অপারেটর বেতন গ্রেড: ১৬ স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০	১৮১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং (গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ১৫ টি শব্দ।
২।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন গ্রেড: ১৬ স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০	৬৬	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং (গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ১৫ টি শব্দ।

২। উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান/কোটা পদ্ধতি ইত্যাদি অনুসরণ করা হবে।

৩। আবেদন দাখিলের শেষ তারিখ ০৪-০৪-২০১৯। উক্ত তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে।

৪। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

৫। কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৬। আগ্রহী প্রার্থীদের কেবলমাত্র Online-এ আবেদন ফরম পূরন এবং দাখিল করতে হবে। Online-এর মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য (সার্ভিস চার্জ কর্তনের পর) নীট ৬০০/- (ছয়শত) টাকা Payment করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র Online Recruitment Portal (rms.bwdb.gov.bd/orms) এ login করে Registration, আবেদন দাখিল এবং Payment করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত Portal-এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি বা আবেদনের হার্ড কপি গ্রহণ করা হবে না।**

৭। Online-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বাপাউবো'র কোন পদে নিয়োগের জন্য আবেদন করার অযোগ্য হবেন এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাধারণ নির্দেশাবলীঃ

১। **Online-এ আবেদনপত্র দাখিল সংক্রান্তঃ** ০৪-০৪-২০১৯ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে। B-Kash এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ টাকা Payment এর ক্ষেত্রে নির্ধারিত B-Kash বা মোবাইল নম্বর, রেফারেন্স নম্বর, কাউন্টার নম্বর ইত্যাদি লিখার পর সার্ভিস চার্জসহ সমুদয় টাকা একত্রে Payment করতে হবে। Payment এর সাথে সাথে ঐ মোবাইল নম্বরে B-Kash হতে এসএমএস এর মাধ্যমে একটি Transaction ID পাওয়া যাবে। উক্ত Transaction ID টি অবশ্যই লেনদেন আইডির ঘরে ইনপুট দিতে হবে। তারপর Submit Button Click করতে হবে। Submit Button Click এর পরই কেবল Application Successful হবে। তা না হলে Application Successful হবে না। Vedio এবং PDF Tutorial দেখে Application করার জন্য পরামর্শ দেয়া গেল।

২। **বয়সসীমাঃ** আবেদন জমাদানের শেষ দিনে আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধি কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সজ্ঞা নির্ধারন হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Password ব্যবহার করে ছবি, রোল নম্বর, পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে। তাছাড়া, যোগ্য প্রার্থীগণকে SMS/e-mail এর মাধ্যমে Notification প্রেরণ করা হবে।

৪। **মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। এছাড়াও, প্রার্থীদের মোবাইল নম্বরে SMS বা e-mail-এ নোটিফিকেশন প্রেরণ করা হবে। উল্লেখ্য, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৫। আবেদনের সময় কোন প্রমানক ডকুমেন্ট দাখিল করতে হবে না। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র-নম্বরপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি, বিভিন্ন কোটা সংক্রান্ত সনদের অনুলিপিসহ অন্যান্য ডকুমেন্ট এর অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। উহার এক কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

৮। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন করতে এবং আবেদন দাখিলের সকল কার্যক্রম (Payment সহ) সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(মোঃ ওয়াহিদ হোসেন)
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।